তারিখ ...04 APR 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

দৈনিক বাংলা

14

৬২

# কম্পিউটার প্রযুক্তি এসএসসি--এইচএসসি সিলেবাসভুক্ত হবে

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল দেশের কম্পিউটার প্রযুক্তির উন্নয়ন, জনশক্তিকে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে ২৫ কোটি টাকার পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করেছে। মঙ্গলবার প্রেসিডেন্টের কম্পিউটার বিষয়ক উপদেষ্টা ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ভাইস চেয়ারম্যান ডক্টর মোহাম্মদ রফিকুজ্জামান এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান কর্নেল (অবঃ) আজিজুর রহমান এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য প্রকাশ করেন। কম্পিউটার কাউন্সিলের মোহাম্মদপুরস্থ অফিসে আহূত এই সাংবাদিক সম্মেলনে কাউন্সিলের অন্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যাখ্যা দিয়ে তাঁরা বলেনঃ পরিকল্পনা বাস্তবায়িত হলে দেশে কম্পিউটারের সংখ্যা ২০ হাজারে উন্নীত হবে। বর্তমানে দেশে মাত্র হাজার পাঁচেক কম্পিউটার যন্ত্র ব্যবহৃত হচ্ছে।

তারা বলেন, কম্পিউটার প্রযুক্তিকে জনপ্রিয় করে তোলার জন্য আগামী শিক্ষাবর্ষ থেকে এসএসসি ও এইচ এসসি ক্লাশে এই প্রযুক্তি অন্তর্ভুক্ত করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় এ ব্যবস্থা নেয়া হচ্ছে।

তাঁরা বলেনঃ আজ বুধবার কাউন্সিল অফিসে যুব কম্পিউটার ক্লাব উদ্বোধন করা হবে। বাংলাদেশে এ ধরনের ক্লাব এই প্রথম। এই ক্লাবে পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ ক্লাসের ৫০ জন মেধাবী ছাত্রকে প্রশিক্ষণ দেয়া হবে। কাউন্সিলের ভাইস চেয়ারম্যান ডক্টর রফিকুজ্জামান ক্লাব উদ্বোধন করবেন। প্রেসিডেন্ট এরশাদ কম্পিউটার শিক্ষার্থীদের উৎসাহ দেয়ার জন্য ক্লাবে যাবেন।

এক প্রশ্নের জবাবে তাঁরা বলেনঃ কম্পিউটারে বাংলাভাষা ব্যবহারের চেষ্টা হচ্ছে। অচিরেই এ ব্যাপারে আরো উদ্যোগ নেয়া হবে।

বাংলাদেশে কম্পিউটার যন্ত্রাংশের সংযোজন করা যায় কিনা-- এই প্রশ্নের উত্তরে ডক্টর রফিকুজ্জামান বলেনঃ অচিরেই বাংলাদেশ ও সুইডেনের মধ্যে এ ধরনের একটি যৌথ প্রকল্পের কাজ শুরু হবে। প্রায় চার কোটি টাকা ব্যয়ে এই প্রকল্পে আমদানীকৃত কম্পিউটার যন্ত্রাংশ দিয়ে দেশে কমপিউটার মেশিন তৈরীর পর বিদেশে রপ্তানী করা হবে।

---

গতকাল সকাল সাড়ে এগারটা থেকে সাড়ে বারটা পর্যন্ত ঢাকা কলেজে হাঙ্গামা চালায় ও ব্যাপক ভাংচুর করে। হামলায় কলেজের প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপালের অফিস, বিভিন্ন বিভাগীয় অফিস ও ল্যাবরেটরীর ব্যাপক ক্ষতি সাধিত হয়।

জানা গেছে আগামী ২৯শে মে অনুষ্ঠিতব্য ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনের আগে কিছু ছাত্রনেতাকে কলেজে পুনঃভর্তির সুযোগ দেয়ার উপরে হবে বলে কলেজ কর্তৃপক্ষ দাবী করেছেন।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা কলেজে হাঙ্গামা

(প্রথম পৃঃ পর)

দাবীকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে। গত ১৬ই মে ছিল নির্বাচনের মনোনয়নপত্র জমা দেয়ার দিন। কিন্তু সেদিন কোন ছাত্র সংগঠনই মনোনয়নপত্র জমা দেয়নি এবং অন্য কাউকেও জমা দিতে দেয়া হয় নি।

গতকাল সকাল সাড়ে এগারটায় একদল ছাত্র ছাত্রনেতাদের ভর্তির সুযোগ দেয়ার দাবীতে প্রিন্সিপালের অফিস ঘেরাও করে। এক পর্যায়ে তারা অধ্যক্ষের অফিস কক্ষে ঢুকে টেলিফোন সেটসহ মূল্যবান আসবাবপত্র ভাংচুর করে এবং কাজগপত্রে আগুন ধরিয়ে দেয়। একইভাবে ভাইস প্রিন্সিপাল, নির্বাচন কমিশনারের অফিস ও বিভিন্ন বিভাগের অফিস ও ল্যাবরেটরী ভাংচুর করা হয়। ছাত্ররা উত্তর ছাত্রাবাসের সুপারের বাসা এবং প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপালের বাসায়ও হামলা চালায়। এ ঘটনার কিছুক্ষণ পর পুলিশ কলেজ ক্যাম্পাসে প্রবেশ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ ব্যাপারে গতকাল অনেক চেষ্টা করেও কলেজের প্রিন্সিপালের সাথে যোগাযোগ করা যায়নি। ধানমন্ডী থানা পুলিশও এ ব্যাপারে কিছু জানে না বলে উল্লেখ করেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে এবং কড়া পুলিশ প্রহরা মোতায়েন করা হয়েছে।